



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK



কম্পিউটার উপ-বিভাগ

সূত্র নং: ২/২২/১১০/ ৭৯০৬

তারিখ: ১৮-০৩-২০২০

২৩

সকল শাখা ব্যবস্থাপক  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

বিষয়ঃ Google Maps ব্যবহার করে ব্যাংকের সকল কার্যালয়ের অবস্থান সনাক্তকরণ সংক্রান্ত উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

২। ব্যাংকের উত্তাবনী উদ্যোগের আওতায় Google Maps ব্যবহার করে ব্যাংকের প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও শাখা সমূহ সনাক্তকরণ সংক্রান্ত সেবা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত ব্যাংকের বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ১১.১ নং অনুচ্ছেদের আলোকে Google Maps ব্যবহার করে দেশব্যাপী বিস্তৃত ব্যাংকের সকল কার্যালয়/শাখাসমূহ বিগত ০১-১২-২০১৯ তারিখে পত্র সূত্র নং: ২/২২/১০৪/৪২২২ এর মাধ্যমে সংশ্লিষ্ট সকল কার্যালয়ের জিওলোকেশন সংগ্রহ করা হয়। প্রাপ্ত জিওলোকেশন Google Maps এ সংরক্ষণপূর্বক ব্যাংকের সকল কার্যালয়/শাখা সনাক্তকরণ করা সম্পন্ন হয়েছে। Google Maps এ সংযোজিত কার্যালয়/শাখাসমূহের ভূ-অবস্থান নিম্নের লিংকটি অনুসরণের মাধ্যমে জানা যেতে পারে:

<https://goo.gl/maps/vrWCGWjTmaKng4MK6>

৩। বর্ণিত লিংকটি অনুসরণ করার পদ্ধতি সংযুক্তিতে দেয়া হলো। এমতাবস্থায়, ব্যাংকে কর্মরত নির্বাহী-কর্মকর্তা-কর্মচারীসহ ব্যাংকের সেবাগ্রহীতা গ্রাহকগণ খুব সহজেই তাদের ব্যবহৃত স্মার্টফোনের গুগল ম্যাপস ব্যবহার করে ব্যাংকের সংশ্লিষ্ট শাখার সঠিক অবস্থান জানতে পারবেন। ফলে সেবাগ্রহীতা কর্তৃক খুব সহজেই সকল শাখার অবস্থান জানতে পারার কারণে সেবা গ্রহণ আরো সহজ এবং দ্রুত হবে সর্বোপরি গুগল ম্যাপের মাধ্যমে ব্যাংকের কার্যালয় সনাক্তকরণ এবং ফলশ্রুতিতে গ্রাহক সেবার মান উন্নয়ন হবে।

৪। বর্ণিত লিংকটি ব্যাংকের সকল সদস্যদের এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংশ্লিষ্ট কার্যালয়কে অবগত করার নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

মোহাম্মদ হাসান মাহমুদ

সিস্টেম এনালিস্ট

ফোন: 58314223

ই-মেইল: ict@ansarvdpbank.gov.bd

সংযুক্তি: ১ পাতা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয় আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের (প্রশাসন ও অপারেশন) দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আদেশটি ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৪। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান পদ্ধতি সহজিকরণ এবং সারাদেশে সম্প্রসারণের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
- ৬। নথি।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217

Phone No: 8322181, 8313191, 8313147, 8313196, 9347615

Website: www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd





# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK




সংযুক্তি-১

Google Maps এ সংযোজিত কার্যালয়/শাখাসমূহের ভূ-অবস্থান লিংকটি অনুসরণের করার পদ্ধতিঃ

- ধাপ-১। প্রথমে কম্পিউটারটির ইন্টারনেট কানেকশন চালু করুন।
- ধাপ-২। কম্পিউটার এর ওয়েব ব্রাউজার চালু করুন।
- ধাপ-৩। ব্রাউজার থেকে জিমেইল একাউন্টটি লগ-ইন করুন।
- ধাপ-৪। ব্রাউজার থেকে নিম্নের লিংকটিতে প্রবেশ করুন।

<https://goo.gl/maps/vrWCGWjTmaKng4MK6>

প্রবেশ করার পর নিম্নরূপ স্ক্রিন থেকে FOLLOW এর উপর মাউস ক্লিক করুন-



- ধাপ-৫। মাউস ক্লিক করা সম্পন্ন হলে FOLLOW এর স্থলে FOLLOWING দেখাবে।
- ধাপ-৬। পরবর্তীতে এন্ড্রয়েড ফোন থেকে উক্ত জিমেইল একাউন্ট দিয়ে লগ-ইন করলে এন্ড্রয়েড ফোনের Google Maps থেকে ব্যাংকের সকল কার্যালয়/শাখাসমূহের ভূ-অবস্থান জানা যাবে।

**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217  
Phone No: 8322181, 8313191, 8313147, 8313196, 9347615  
Website: [www.ansarvdpbank.gov.bd](http://www.ansarvdpbank.gov.bd) E-mail: [info@ansarvdpbank.gov.bd](mailto:info@ansarvdpbank.gov.bd)